গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

৪৬.০০.০০০০.০৬৩.৪৩.০০৩.১৬- ৫১৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ।
১৪ জুন, ২০২১ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রসঙ্গে।**

সূত্রঃ রহনপুর পৌরসভা হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-রহঃপৌরঃ-৭৭; তারিখঃ ০১/০৪/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত প্রস্তাব সূত্রস্থ পত্রের মাধ্যমে পাওয়া গিয়াছে। কিন্তু স্থানীয় সরকার বিভাগের গত ১৮/১০/২০২০ খ্রি: তারিখের ৮৩১ নং স্মারকে চাহিত তথ্যাদি **(কপি সংযুক্ত)** অদ্যাবধি পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের গত ১৮/১০/২০২০ খ্রি: তারিখের ৮৩১ নং স্মারকে চাহিত তথ্যাদি আগামী ২৫/০৬/২০২১ খ্রি: তারিখের মধ্যে প্রেরণসহ বর্ণিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-------------------পাতা।

১৪.০৬.২০২১
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র, রহনপুর পৌরসভা
চাঁপাইনবাবগঞ্জ।

**অনুলিপি সদয় জ্ঞতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন-১০১, মহাখালী, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৩.০০৩.১৬-৮৬১ তারিখঃ ১৮/১০/২০২০ খ্রি:।

**বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণের প্রস্তাব প্রসঙ্গে।**

সূত্রঃ রহনপুর পৌরসভা হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-১৮৩, তারিখঃ ০৫/০৮/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। কিন্তু প্রস্তাবের সাথে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত করা হয়নি:

(ক) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের ২৭/০৩/২০১২ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ি অনুচ্ছেদ ৪.০ মোতাবেক প্রকল্প সংশোধনের ক্ষেত্রে যৌক্তিকতাসহ সংশোধনের প্রস্তাব RPPCCTF ছকে (সংলগ্নী-২) অনুযায়ি প্রস্তত করা হয়নি ;

(খ) প্রস্তাবের সাথে সংশোধিত প্রকল্পের চেকলিষ্ট পূরণ করে প্রেরণ করা হয়নি;

(গ) প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়ের মঞ্জুরিপত্র প্রেরণ করা হয়নি;

(ঘ) ২য় মেয়াদে প্রকল্পের কেন মেয়াদ বৃদ্ধি প্রয়োজন তার যৌক্তিক কারণ উল্লেখ করা হয়নি;

(ঙ) প্রকল্পের অনুমোদন আদেশের সাথে সংযুক্ত শর্তে **(কপি সংযুক্ত)** খাল পুন:খনন কাজের নকশা পানি উন্নয়ন বোর্ডে কর্তৃক প্রণীত ও অনুমোদিত হতে হবে মর্মে উল্লেখ রয়েছে। উক্ত পৌরসভা কর্তৃক প্রণীত ডিপিপিতে খাল পুন:খনন প্যাকেজ অন্তর্ভুক্ত ছিল। অনুমোদন আদেশের শর্ত অনুযায়ি খাল পুন:খনন কাজের নকশা পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রণীত ও অনুমোদিত কিনা তা দাখিলকৃত প্রস্তাবের কোথাও উল্লেখ করা হয়নি। কিন্তু প্রকল্পের কাজটি ইতোমধ্যে ১০০% সমাপ্ত হয়েছে মর্মে সূত্রস্থ পত্রে উল্লেখ রয়েছে;

(চ) ট্রাস্টি বোর্ডের ১৭/০৪/২০১৬ তারিখের ৩৯তম সভায় অনুমোদিত মাত্র ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ের প্রকল্প বিগত ০৪ (চার) বছরেরও কেন সকল কাজ (অর্থ ছাড়সহ) সম্পন্ন হয়নি তার ব্যাখ্যা প্রদান করা হয়নি;

এমতাবস্থায়, উপরোক্ত তথ্যাদিসহ সংশোধিত প্রকল্প প্রস্তাব পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-------------------পাতা।

১৮.১০.২০২০
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র
রহনপুর পৌরসভা
চাঁপাইনবাবগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। প্রকল্প পরিচালক, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ প্রকল্প, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।